



বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড  
১৬০ কাকরাইল, ঢাকা-১০০০  
টেলিফোন : ৫৮৩১১০২৬  
e-mail: hq@basb.gov.bd

### নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, ঢাকা এর অধীনস্থ মেডিকেল ডিসপেনসারি শাখার জন্য খন্ডকালীন অস্থায়ী ভিত্তিতে সহকারি ষ্টোরম্যান নিয়োগের জন্য আশ্রয়ী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্র/নং	পদের নাম	আসন সংখ্যা	বেতন	প্রয়োজনীয় যোগ্যতা	কর্মের স্থান	ডিসপেনসারি পরিচালনার সময়
১।	সহকারি ষ্টোরম্যান	০১	১৫০০০.০০ (বিনামূল্যে ব্যারাকে থাকা ও খাওয়া সুবিধা রয়েছে)	১। বাংলাদেশের যে কোন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান হতে নুন্যতম ০৩ বছরের ডিপ্লোমা ইন মেডিক্যাল এ্যাসিস্টেন্ট/ ০৪ বছরের ডিপ্লোমা ইন ফার্মাসী কোর্স সম্পন্ন হতে হবে। ২। বাংলাদেশ সেনাবাহিনীর এএমসি কোরের অবসরপ্রাপ্ত মেডিক্যাল এ্যাসিস্টেন্ট / ফার্মাসিস্ট /মেডিকেল ষ্টোরম্যানদের জন্য অগ্রাধিকার প্রদান করা হবে। ৩। এসএসসি/এইচএসসি পাশ হতে হবে। ৪। জন্ম সূত্রে বাংলাদেশী নাগরিক হতে হবে। ৫। কম্পিউটার চালনায় সক্ষম হতে হবে। ৬। বেসামরিক প্রার্থীর জন্য বয়স ৩৫ বছরের কম হতে হবে। ৭। অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে বয়স ৫০ বছরের কম হতে হবে।	ঢাকা, ১৬০ কাকরাইল	সপ্তাহে ০৫ দিন (সরকারী ছুটির দিন ব্যতীত) ০৮০০ ঘটিকা হতে ১৬০০ ঘটিকা পর্যন্ত

২। আশ্রয়ী প্রার্থীকে লিখিত আবেদনপত্র আগামী ২৩ মে ২০২৪ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড ঢাকা, ১৬০ কাকরাইল, ঢাকা-১০০০ বরাবরে প্রেরণ করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত নথিপত্রসমূহ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে :

- জীবন বৃত্তান্ত।
- জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- নাগরিকত্ব সনদপত্র।
- সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ফটোকপি।
- আবেদনকারীর সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি।
- সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত প্রার্থীদের জন্য অবসর গ্রহণের নথিপত্র।

- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- মৌখিক পরীক্ষার সময় সকল নথিপত্রের মূলকপি দেখাতে হবে।
- নিয়োগের ব্যাপারে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

অতিরিক্ত মহাপরিচালক - বিএএসবি